



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

### প্রেস রিলিজ

তারিখঃ ১৭ জৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ

৩১ মে ২০১৬ খ্রিস্টাব্দ

### “আপন নিবাসে ফিরেছে বরিশাল বিশ্ববিদ্যালয়”

বরিশাল বিশ্ববিদ্যালয় একটা সময় ছিলো যখন গোটা দক্ষিণাঞ্চলবাসীর কাছে বিষয়টি স্বপ্নের মতো মনে হতো। ১৯৭৩ সালে জাতির পিতা বঙবন্ধু শেখ মুজিবুর রহমান তৎকালিন বেলস পার্কে (বর্তমানে বঙবন্ধু উদ্যান) ঘোষণা দিয়েছিলেন “ ঢাকার বাহিরে যদি আর একটি বিশ্ববিদ্যালয় হয় তবে সেটি হবে বরিশালে”। বঙবন্ধুর সে ঘোষণা বাস্তবে রূপ লাভ করে ২০১১ সালের ২২ ফেব্রুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী বঙবন্ধু কন্যা শেখ হাসিনা কর্তৃক বরিশাল শহরের কীর্তনখোলা নদীর পূর্ব পাশে নয়নাভিরাম সৌন্দর্যের কর্ণকাঠী গ্রামে “বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর” স্থাপনের মাধ্যমে শুরু হয় বরিশালবাসীর দীর্ঘ দিনের কাঞ্চিত বিশ্ববিদ্যালয় নির্মান কাজের দৃশ্যমান প্রক্রিয়া। এরই মাঝে শুধু ভবন নির্মাণের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সীমাবদ্ধ না রেখে বরিশাল নগরীর জিলা স্কুল ভবনের কলেজ ক্যাম্পাসে অস্থায়ী ভিত্তিতে শুরু হয় একাডেমিক কার্যক্রম। মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি ২০১২ সালের ২৪ জানুয়ারি অস্থায়ী ক্যাম্পাসে ৪ টি নতুন বিভাগে শিক্ষার্থী ভর্তির মাধ্যমে একাডেমিক কার্যক্রমের শুভ সূচনা করেন। পথ পরিক্রমায় অনুষদ ও বিভাগের সংখ্যা বাড়তে থাকে। বর্তমানে ৬টি অনুষদের অধিনে ১৮ টি বিভাগ রয়েছে। শিক্ষার্থী রয়েছে প্রায় ৪,৫০০ জন। একই সাথে কর্ণকাঠীতেও স্থায়ী ক্যাম্পাসের নির্মান কাজ চলতে থাকে দ্রুত গতিতে। এরই মাঝে ২০১৪ সালের মাঝামাঝি সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস কর্ণকাঠীতে ১৮ টি বিভাগের মধ্যে বেশ কিছু বিভাগ স্থানান্তরিত হয় প্রধান ক্যাম্পাসে। উভয় ক্যাম্পাসেই শিক্ষা কার্যক্রম চলতে থাকে সমান তালে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক কার্যক্রম যেভাবে অস্থায়ী ভিত্তিতে জিলা স্কুল ক্যাম্পাসের কলেজ ভবনে শুরু হয় ঠিক তেমনি মাননীয় প্রধানমন্ত্রী বঙবন্ধু কন্যা শেখ হাসিনা প্রতিশ্রূত ২ টি সরকারি মাধ্যমিক স্কুলেরও একাডেমিক কার্যক্রম অস্থায়ী ভিত্তিতে শুরু হয় ঐ একই ভবনে। প্রধানমন্ত্রীর প্রতিশ্রূতি বাস্তবায়নে মাননীয় উপাচার্য প্রফেসর ড.এস এম ইমামুল হকের আন্তরিকতায় একই ভবনে চলতে থাকে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এবং ২টি নতুন স্কুলের পাঠদান কার্যক্রম। একদিকে যেমন বিশ্ববিদ্যালয়ের পাঠদান কার্যক্রমে শ্রেণিকক্ষের অভাব তেমনি অন্য দিকে স্কুল ২টিরও শ্রেণিকক্ষ



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

সংকটের কারণে পাঠদান কার্যক্রমে কিছুটা হলেও ব্যাঘাত ঘটে। এমনই বাস্তবতায় শিক্ষা মন্ত্রণালয় আগামী ৩০ জুন ২০১৬ তারিখের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিটি ক্যাম্পাসের ব্যবহৃত ভবনগুলো জিলা স্কুল কর্তৃপক্ষের কাছে বুবিয়ে দেয়ার জন্য পত্র প্রেরণ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রূত ২ টি স্কুলের পাঠদান কার্যক্রমকে আরও বেগবান ও তরান্বিত করার লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নব অগ্রযাত্রার অন্তর্ভুক্ত মাননীয় উপাচার্য প্রফেসর ড.এস এম ইমামুল হক নির্ধারিত সময়ের ১ মাস পূর্বেই অর্থাৎ ৩১ মে ২০১৬ তারিখের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সিটি ক্যাম্পাস কর্ণকাঠীর প্রধান ক্যাম্পাসে স্থানান্তরের ঘোষণা দেন। যেমন কথা তেমন কাজ। ঘোষণা অনুযায়ী সিটি ক্যাম্পাসে থাকা বিশ্ববিদ্যালয়ের ৪ টি বিভাগ ইতোমধ্যে কর্ণকাঠীর প্রধান ক্যাম্পাসে চলে এসেছে। আগামীকাল ১ জুন ২০১৬ বুধবার থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পূর্ণসং একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হবে ‘কর্ণকাঠীর প্রধান ক্যাম্পাস’। একই সাথে আগামীকাল থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস বা সিটি ক্যাম্পাস নামে আর কিছুই থাকছে না। তাই যথাতই বলা যায় “আপন নিবাসে ফিরেছে বরিশাল বিশ্ববিদ্যালয়”।

### কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ ফয়সল মাহমুদ রঞ্জি

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়